

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নওগাঁ শাখা।

৩৭৯, মাজেদা সুপার মার্কেট, তুলা পট্টি, নওগাঁ

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স রজাকপুর রাইস মিল, স্বত্বাধিকারী জনাব- মোঃ আব্দুল মজিদ (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা), পিতাঃ- মৃত আছির উদ্দিন, মাতা- নুরজাহান বেওয়া, ব্যবসায়িক ঠিকানা- রজাকপুর, পোঃ নওগাঁ, উপজেলাঃ নওগাঁ জেলাঃ নওগাঁ, বর্তমান ও স্থায়ী ঠিকানা- রজাকপুর, নওগাঁ-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ, যাহার জামিনদার ও বন্ধকদাতা (১) মোঃ আব্দুর রশিদ ও (২) মোঃ নুরুল ইসলাম, উভয়ের পিতাঃ- মৃত আছির উদ্দিন ও মাতা- নুরজাহান বেওয়া এবং উভয়েই মেসার্স রজাকপুর রাইস মিল এর স্বত্বাধিকারী জনাব- মোঃ আব্দুল মজিদ এর ভ্রাতা, বর্তমান ও স্থায়ী ঠিকানা- রজাকপুর, নওগাঁ-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ, কর্তৃক ইউসিবি, নওগাঁ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৮.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫৭,২৫,১৫৬.৪৯ (সাতান্ন লক্ষ পঁচিশ হাজার একশত ছাপ্পান্ন টাকা ঊনপঞ্চাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

নওগাঁ পৌরসভার ভিতরে অবস্থিত রেজিস্ট্রিকৃত ১০৮.২৫ শতাংশ জমি এর মালিক মোঃ আব্দুল মজিদ, প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী ও তাহার দুই ভ্রাতা মোঃ নুরুল ইসলাম এবং মোঃ আব্দুর রশিদ, সকলের পিতাঃ- মৃত আছির উদ্দিন, মৌজাঃ রজাকপুর, জে.এল নং ২৮৬/২২৮, খতিয়ান নং এস.এ- ২২০, ২৮১, ২৮২, ৩১৯, ৩১২, ১৩৮, আর.এস- ৫১৮, ৩৪৮, ৬৩, ৬৩, ১০, ৪৫০, ২০৮, প্লট নং এস.এ- ৬১১, ৬১৩, ৫৫৫, ৫৫৪, ৫৫৩, ৫৫১, ৫৫৭, ৫৫৬, ২১৮, ২১৪, ১৯৪, আর.এস- ৭৫০, ৬৩৩, ৬৩৬, ৬৩৭, ৬৩৮, ৬৩৫, ৬৩৪, ৮১৩, ৮২২, ৮২৬, পোঃ নওগাঁ, উপজেলাঃ নওগাঁ জেলাঃ নওগাঁ।

নিলামের শর্তাবলী :-

- আগামী ০৫.১০.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখা।